

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২০০৬

৫/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৮৫. মুহাসসাৰে অবতরণ।

### باب التَّحْصِيبِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَلِيِّ بْنِ حُسَيْنٍ، عَنْ عَمْرِو بْنِ عُثْمَانَ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَيْنَ تَنْزِلُ غَدًا فِي حَجَّتِهِ قَالَ " هَلْ تَرَكَ لَنَا عَقِيلٌ مَنْزِلًا " . ثُمَّ قَالَ " نَحْنُ نَازِلُونَ بِخَيْفِ بَنِي كِنَانَةَ حَيْثُ قَاسَمَتْ قُرَيْشٌ عَلَى الْكُفْرِ " . يَعْنِي الْمُحَصَّبَ وَذَلِكَ أَنَّ بَنِي كِنَانَةَ حَالَفَتْ قُرَيْشًا عَلَى بَنِي هَاشِمٍ أَنْ لَا يُنَاجِحُوهُمْ وَلَا يُبَايِعُوهُمْ وَلَا يُتَوَّهُمُ . قَالَ الزُّهْرِيُّ وَالْخَيْفُ الْوَادِي .

বাংলা

২০০৬. আহমাদ ইবন হাম্বল (রহঃ) .... উসামা ইবন যায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করি, হে আল্লাহর রাসূল! আগামীকাল (ইনশাআল্লাহ) আপনি কোথায় অবতরণ করবেন? তখন জবাবে তিনি বলেন, আকীল কি আমার জন্য কোন গৃহ রেখেছে? অতঃপর তিনি বলেন, আমরা বনী কিনানার খায়ফে (অর্থাৎ মুহাসসাৰে) অবতরণ করব, যেখানে কুরাশরা কুফরীর উপর পরস্পর অঙ্গীকার করেছিলেন অর্থাৎ তারা মুহাসসাৰে অবস্থিত আর কুফরীর যুগে বনী কিনানা কুরাশদের বনী হাশিম গোত্রের সাথে পরস্পর একরূপ শপথ করেছিল যে, তারা তাদের সাথে পরস্পর বিবাহশাদী দেবে না, তারা তাদের ভালবাসবে না এবং তাদের সাথে বেচাকেনাও করবে না। রাবী যুহরী (রহঃ) বলেন, খায়ফ হল একটি উপাত্যকা (যেখানে বনী কিনানা বসবাস করতো)।

## English

Usamah bin Zaid said I asked Apostle of Allaah (ﷺ) where will you encamp tomorrow? (This is asked on the occasion of his Hajj). He replied "Did 'Aqil leave any house for us?" He again said "We shall encamp in the valley (Khaif) of Banu Kinanah where the Quraish took an oath upon disbelief, that is, Al Muhassab." The oath was that Banu Kinanah concluded a pact with the

Quraish against Banu Hashim “they would have no marital relationship with them, nor would give them accommodation nor would have any commercial ties with them.”

Al Zuhri said Al Khaif means valley.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34114>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন